

ঢাবি ভিসির পুষ্পস্তবক অর্পণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণের পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিকে পুষ্পস্তবক অর্পণ করেছেন অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। মঙ্গলবার তিনি ধানমন্ডি-১ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর চত্বরে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সিনেট ও সিন্ডিকেট সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট এবং প্রক্টর উপস্থিত ছিলেন। উপাচার্য পরে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ঘুরে দেখেন এবং সেখানে রক্ষিত পরিদর্শন বইয়ে মন্তব্য লিখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু ও বাংলাদেশ একই সূত্রে গাঁথা।

দুই রেস্টুরেন্টকে জরিমানা

স্টাফ রিপোর্টার ॥ অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি ও পরিবেশনের দায়ে রাজধানীর ভাটারায় ঝাউবন ক্লাসিক রেস্টুরেন্টকে তিন লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার রাজধানীর ভাটারায় ওই রেস্টুরেন্টটিতে অভিযান চালিয়ে জরিমানা করেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) -এর নির্বাহী ম্যাজিস্ট্রেট এস এম শাস্তুনু চৌধুরী। বিচারক আরও জানান, রেস্টুরেন্ট কর্তৃপক্ষ ফ্রিজে কাঁচা মাছ মাংসের সঙ্গে রান্না করা বুটের ডাল ও আগের দিনের গ্রিল চিকেন বিক্রির জন্য রেখে দিয়েছিল। এদিকে, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, একই অপরাধে উক্ত ম্যাজিস্ট্রেট ৪ নবেম্বর ঢাকা মহানগরীর ৭৫/২ মহাখালী এলাকার মেরিয়েশন নামক রেস্টুরেন্টকে নিরাপদ খাদ্য আনি, ২০১৩ অনুযায়ী এক লাখ টাকা অর্থদণ্ড করা হয়। উক্ত প্রতিষ্ঠানসমূহকে ভবিষ্যতে নিরাপদ খাদ্যবিরোধী কার্য থেকে বিরত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।



সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),

১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com